রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ১৮, ২০১১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**বাস্তবায়ন ও মনিটরিং শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ পৌষ ১৪১৭/১২ জানুয়ারি ২০১১

**নং ০৪.২২২.০৫৮.০০.০০.০১৪.২০১০-১৫৩**—দারিদ্র বিমোচন এবং সামাজিক খাতের উন্নয়নকে অধিক গুরুত্ব দিয়ে সরকার কর্তৃক গৃহীত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় প্রকৃত সুবিধাভোগীরা যাতে সুবিধা পান এবং সুবিধাভোগী নির্বাচনে দ্বৈততা পরিহারের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচীর বাজেট, কর্মসূচী বাস্তবায়ন এবং উপকারভোগীর সংখ্যা ও তালিকা উপজেলাভিত্তিক মনিটরিং এর জন্য সরকার নিম্নরূপ একটি 'উপজেলা সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচী বাস্তবায়ন কমিটি' গঠন করিয়াছে ঃ

২। **কমিটির গঠন ঃ**

| ক্রমিক | পদবী | | |
|---|---|---|---|
| (১) | উপজেলা পরিষদ চেয়ারম্যান | - | উপদেষ্টা |
| (২) | উপজেলা নির্বাহী কর্মকর্তা | - | সভাপতি |
| (৩) | উপজেলা কৃষি কর্মকর্তা | - | সদস্য |
| (৪) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - | সদস্য |
| (৫) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| (৬) | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | সদস্য |
| (৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | সদস্য |
| (৮) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | সদস্য |
| (৯) | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |
| (১০) | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ | - | সদস্য |
| (১১) | কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগের উপজেলা কর্মকর্তা | - | সদস্য-সচিব |



**মূল্য ঃ** টাকা ২.০০

৩। **কার্যপরিধি ঃ**

(১) উপকারভোগীর তালিকা চূড়ান্তকরণ এবং উপজেলা পর্যায়ে সংরক্ষণের ব্যবস্থা করবে।

(২) নির্ধারিত নীতিমালা অনুসারে উপকারভোগীদের অর্থ/খাদ্যদ্রব্য/অন্যান্য দ্রব্যাদি প্রদানের বিষয়টি নিশ্চত করবে।

(৩) কর্মসূচির অগ্রগতি মনিটরিং করবে।

(৪) উপকারভোগীর একাধিক কর্মসূচির সুবিধা ভোগ বন্ধের ব্যবস্থা নিবে।

(৫) কর্মসূচির অগ্রগতি প্রতিবেদন যথানিয়মে প্রেরণ নিশ্চিত করবে।

(৬) প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**খন্দকার আনোয়ারুল ইসলাম**
অতিরিক্ত সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৪, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাস্তবায়ন ও মনিটরিং শাখা

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৮ ফাল্গুন ১৪১৮/২০ ফেব্রুয়ারি ২০১২

**নং ০৪.২২২.০৫৮.০০.০৩.০১৪.২০১০-১৪৯**—সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারি ২০১১ তারিখের ০৪.২২২.০৫৮.০০.০০.০১৪.২০১০-১৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত 'উপজেলা সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়ন কমিটি'তে নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করেছে ঃ

(ক) উপজেলা প্রকৌশলী;

(খ) উপজেলা সমবায় কর্মকর্তা;

(গ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক;

(ঘ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা।

২। কমিটির কার্যপরিধি ও অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
অতিরিক্ত সচিব (প্রসওবা)।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ দেলোয়ার হোসাইন (উপ-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd



মূল্য ঃ টাকা ২.০০